



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

কৃষি ব্যাংক ভবন

৮৩-৮৫, মতিঝিল বানিষ্টিক এলাকা, ঢাকা-১০০০।

ফোন : ৯৫৫৬৯৩১

E-mail: dgmaccounts1@krishibank.org.bd



কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-১)

প্রকা/হিসাব(শাখা-১)/কর শাখা-৩/২০১৯-২০/৯৬৭(১২৫০)

তারিখ : ১৪-০৬-২০২০খ্রিঃ

- ১। সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/ স্টাফ কলেজ/স্থানীয় মুখ্য কার্যালয়।
- ২। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
- ৩। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়।
- ৪। সকল বিভাগীয়/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয়/আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়।
- ৫। সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ করবছর ২০২০-২০২১ (অর্থবছর ২০১৯-২০২০) এর বৈতনিক আয়করের পরিবর্তিত হার ও সংশোধিত কম্পিউটেশন সীট প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অর্থ আইন, ২০২০ এর ধারা-৫২ (তফশিল-২, প্রথম অংশ) মোতাবেক ১ জুলাই, ২০২০ তারিখে আরম্ভ কর বৎসরের জন্য আয়করের হারে নিম্নরূপভাবে নির্ধারণ করা হয়েছে (কপি সংযুক্ত) :

Income Tax Ordinance, 1984 (Ordinance. No. XXXVI of 1984) এর Section 2(46) এ সংজ্ঞায়িত ব্যক্তিগণের মধ্যে যাদের ক্ষেত্রে অনুচ্ছেদ -খ প্রযোজ্য হবে না সে সকল প্রত্যেক ব্যক্তি-করদাতা (অনিবাসী বাংলাদেশীসহ), হিন্দু যৌথ পরিবার, অংশীদারি ফার্ম ও আইনের দ্বারা সৃষ্ট কৃত্রিম ব্যক্তিসহ অন্যান্য করদাতার ক্ষেত্রে মোট আয়ের উপর আয়করের হার :

মোট আয়	হার
ক) প্রথম ৩,০০,০০০/-টাকা পর্যন্ত মোট আয়ের উপর	শূন্য
খ) পরবর্তী ১,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর	৫%
গ) পরবর্তী ৩,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর	১০%
ঘ) পরবর্তী ৪,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর	১৫%
ঙ) পরবর্তী ৫,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর	২০%
চ) অবশিষ্ট মোট আয়ের উপর-	২৫%

তবে শর্ত থাকে যে,

- ক) মহিলা করদাতা এবং ৬৫ বৎসর বা তদূর্ধ্ব বয়সের করদাতার করমুক্ত আয়ের সীমা হবে ৩,৫০,০০০/- টাকা ;
- খ) প্রতিবন্ধী ব্যক্তি করদাতার করমুক্ত আয়ের সীমা হবে ৪,৫০,০০০/-টাকা ;
- গ) গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতার করমুক্ত আয়ের সীমা হবে ৪,৭৫,০০০/- টাকা ;
- ঘ) কোন প্রতিবন্ধী ব্যক্তির পিতামাতা বা আইনানুগ অভিভাবকের প্রত্যেক সন্তান/পোষ্যের জন্য করমুক্ত আয়ের সীমা ৫০,০০০/- টাকা বেশী হবে; প্রতিবন্ধী ব্যক্তির পিতা ও মাতা উভয়েই করদাতা হলে যে কোন একজন এই সুবিধা ভোগ করবেন;
- ঙ) ন্যূনতম করের পরিমাণ কোন ভাবেই নিম্নরূপে বর্ণিত হারের কম হবে না, যথাঃ-

এলাকার বিবরণ	ন্যূনতম করের হার (টাকা)
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা	৫,০০০/-
অন্যান্য সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা	৪,০০০/-
সিটি কর্পোরেশন ব্যতিত এলাকায় অবস্থিত করদাতা	৩,০০০/-

- ০২। বর্ণিত আয়করের হারের পরিবর্তনের প্রেক্ষিতে সংশোধিত কম্পিউটেশন সীট এতদসঙ্গে প্রেরণ করা হলো। উল্লেখ্য ইতোপূর্বে অত্র বিভাগ কর্তৃক এতদসংক্রান্ত ১২-০৫-২০২০ তারিখের অভিন্ন নথির পত্র নং ৯৩২ এর অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।
- ০৩। ভবিষ্যতে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক এতদবিষয়ক পরিবর্তিত কোন নির্দেশনা জারি করা হলে সে মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,

(খান তামজিদ আহমেদ)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

তারিখ : এ

প্রকা/হিসাব(শাখা-১)/কর শাখা-৩/২০১৯-২০/৯৬৭(১২৫০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ :

- ১। চীফ স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ২। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়-১, ২ ও ৩ এর দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ৫। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব/ বিকেবি, প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি প্রকাকে অনুরোধ করা হলো।
- ৬। নথি/মহানথি।

১৪/০৬/২০২০
(আরিফুর রহমান)
(উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা)